



নং-৩৩.০১.০০০০.৭০০.১৪.০২৭(২).২১/ ০৯০

তারিখঃ ১২/০৯/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এবং অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি অনুমোদন।

সূত্রঃ প্রকল্প পরিচালকের ২৪/০৮/২০২১ তারিখের ৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১-০৬ সংখ্যক পত্র।


উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পভূক্ত ৬৪টি জেলার ৪৭৫টি উপজেলায় ১জন করে মোট ৪৭৫জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA), প্রতি ইউনিয়ন থেকে ২জন করে উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারি, ২জন করে অধিক প্রোটিন সমৃদ্ধ ঘাসের বীজ বিতরণের জন্য বীজ গ্রহণকারী খামারি এবং ৪জন করে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচনের লক্ষ্যে নিম্নে উল্লেখিত কমিটি অনুমোদন করা হলো।

অনুমোদিত কমিটিঃ

সংখ্যা	উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	সভাপতি
১	উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	সভাপতি
২	উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	সদস্য
৩	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)	সদস্য-সচিব

কমিটি'র কর্মপরিধিঃ

- ১) কমিউনিটি এক্সটেনশন এজেন্ট, প্রদর্শনী খামারি, প্রযুক্তি গ্রহণকারী খামারি ও বীজ গ্রহণকারী খামারি নির্বাচনের ক্ষেত্রে অনুমোদিত ডিপিপি'র গাইডলাইন (সংযুক্ত) অনুসরণ করতে হবে।
- ২) প্রতি উপজেলা থেকে ১জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট নির্বাচন এবং অপেক্ষমান তালিকায় ১জন করে প্রার্থী রেখে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।
- ৩) কমিউনিটি এক্সটেনশন এজেন্ট নির্বাচনের ক্ষেত্রে বয়সসীমা ২০-৪৫ বছর তবে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৪) অধিদপ্তরাধীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসেবে নির্বাচন করা যাবে না।
- ৫) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ২জন করে উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারি নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।
- ৬) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ২জন করে অধিক প্রোটিন সমৃদ্ধ ঘাসের বীজ বিতরণের জন্য বীজ গ্রহণকারী খামারি নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।
- ৭) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ৪জন (২জন সাইলেজ এবং ২জন হে প্রযুক্তি) করে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

  
(ডাঃ শেখ আজিজুর রহমান)  
মহাপরিচালক (গেড-১)

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১-৪৭৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .....
- ৪৭৬-৫৯০। উপজেলা কৃষি কর্মকর্তা, .....
- ৫৯১-১৪২৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, .....

অনুলিপিঃ

প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প।

অনুমোদিত কমিটি'র সদস্যদের কপি বিতরণের জন্য বলা হলো।